

৬ষ্ঠ নির্বাচন ও বিভিন্ন কোটার ২য় নির্বাচন (সাক্ষাতকার) বিজ্ঞপ্তি

বিজ্ঞান, কৃষি, প্রকৌশল, জীববিজ্ঞান, ভূ-বিজ্ঞান, ফিশারীজ, ভেটেরিনারী এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদ এর ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বি.এসসি.(সম্মান)/বি.ফার্ম.(সম্মান)/বি.এসসি.এজি./ডি.ভি.এম./বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ও পছন্দক্রম জমাদানকারী প্রার্থীদের মধ্য থেকে শূন্য আসনের ভিত্তিতে ৬ষ্ঠ নির্বাচন ও অপেক্ষমান তালিকা, শারীরিক শিক্ষা ও ক্রীড়াবিজ্ঞান বিষয়ের ৬ষ্ঠ নির্বাচন ও অপেক্ষমান তালিকা এবং প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও মুক্তিযোদ্ধা কোটার দ্বিতীয় নির্বাচন ও অপেক্ষমান তালিকা ২৮-০৬-২০২৪ তারিখে প্রকাশ করা হয়েছিল, কিন্তু, পরবর্তীতে ০১-০৭-২০২৪ অনুষ্ঠিতব্য সাক্ষাতকার অনিবার্য কারণবশত স্থগিত করা হয়। উক্ত তালিকায় নির্বাচিতদের অনলাইনে ভর্তির কাজ ও সাক্ষাতকারের সময়সীমা ১১-০৯-২০২৪ বিকাল ৪:৩০ পর্যন্ত বৃদ্ধি করা হলো। ২৮-০৬-২০২৪ তারিখে প্রকাশিত শারীরিক শিক্ষা ও ক্রীড়াবিজ্ঞান বিষয়ের ৬ষ্ঠ নির্বাচন ও অপেক্ষমান তালিকায় একটি ভুল গোচরীভূত হওয়ায় সেটির সংশোধনী প্রকাশ করা হলো।

নির্বাচিত ভর্তিচ্ছুদের আগামী ১১-০৯-২০২৪ সকাল ০৯:৩০ থেকে দুপুর ১২:৩০ এবং দুপুর ২:৩০ থেকে ৪:৩০ এর মধ্যে নিচে বর্ণিত পদ্ধতিতে ভর্তি প্রক্রিয়ার প্রাথমিক কাজ সম্পন্ন করে কাগজপত্র যাচাইয়ের জন্য কনফারেন্স রুম, বিজ্ঞান অনুষদ, কক্ষ নং ৪০১, কুদরাত-এ-খুদা একাডেমিক ভবনে উপস্থিত হতে হবে। যারা ইতিমধ্যে অনলাইনে করণীয় অংশ সম্পন্ন করেছেন, তারা সরাসরি প্রয়োজনীয় কাগজপত্রসহ সাক্ষাতকারের জন্য উপস্থিত হবেন। কারো যদি সাক্ষাতকার/কাগজপত্র যাচাই হয়ে ভর্তি সম্পূর্ণ হয়ে থাকে, তার পুনরায় আসার প্রয়োজন নেই।

নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে না পারলে সি-ইউনিটে তাদের প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং সি-ইউনিটের অন্য কোন বিভাগেও ভর্তির সুযোগ থাকবে না।

ভর্তি সংক্রান্ত কোনো সমস্যার জন্য অফিস চলাকালীন সময়ে (সকাল ৯টা - বিকাল ৪টা) বিজ্ঞান অনুষদে যোগাযোগ করা যেতে পারে (ফোন: ০২৫৮৮৮৬৪২১৮)। অনলাইন ভর্তি ফরম পূরণ সংক্রান্ত কারিগরি সমস্যার জন্য হেল্পলাইন ০১৭০৩-৮৯৯৯৭৩।

উল্লেখ্য যে, পরবর্তীতে আসন শূন্য হওয়া সাপেক্ষে শুধুমাত্র ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের বিভাগ-পছন্দের ক্রম অনুসারে স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন করা হবে। এজন্য প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ে আসতে হবে না - নোটিশে জানতে পারবে।

১১-০৯-২০২৪ বিকাল ৪:০০টার পূর্ব পর্যন্ত অনলাইন ভর্তির ওয়েবপেজে লগ-ইন করে অটো-মাইগ্রেশন পুরোপুরি বন্ধ (Stop automigration) অথবা এক বা একাধিক বিভাগে ট্রান্সফার বন্ধ করতে অপ্ট-আউট (Opt-out) করা যাবে।

এ ছাড়াও শূন্য আসনের জন্য অপেক্ষমান তালিকা থেকে নিম্নের সম্ভাব্য সময়সূচি অনুযায়ী মেধা ও পছন্দক্রম অনুসারে ভর্তির জন্য নির্বাচিতদের তালিকা প্রকাশ করা হবে। উল্লেখ্য যে, ২২ সেপ্টেম্বর ২০২৪ প্রথম বর্ষ প্রথম সিমেন্টারের ক্লাস শুরু হবে।

তালিকা	প্রকাশের সম্ভাব্য তারিখ	ভর্তির সম্ভাব্য তারিখ
৭ম নির্বাচন তালিকা	১২ সেপ্টেম্বর ২০২৪ অপরাহ্ন	১৫ সেপ্টেম্বর, ২০২৪
৮ম নির্বাচন তালিকা	১৬ সেপ্টেম্বর, ২০২৪ অপরাহ্ন	১৮ সেপ্টেম্বর, ২০২৪

ভর্তির সংক্ষিপ্ত প্রক্রিয়া নিম্নরূপ:

- ভর্তি ওয়েবপেজে প্রদত্ত পদ্ধতিতে ৫,৩২৪.০০ টাকা (পাঁচ হাজার তিনশত চব্বিশ টাকা মাত্র) জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার বিস্তারিত পদ্ধতি <http://admission.ru.ac.bd> থেকে জানা যাবে।
- পরবর্তী পৃষ্ঠায় বর্ণিত পদ্ধতিতে অনুষদ উন্নয়ন ফি ১,০০০.০০ (এক হাজার) টাকা রকেটের মাধ্যমে প্রদান করতে হবে।
- অনলাইনে <http://admission.ru.ac.bd>-তে (১০-০৯-২০২৪ অপরাহ্ন থেকে) ভর্তি ফরম পূরণ করতে হবে। অনলাইনে পূরণকৃত ফরমটি তিন কপি প্রিন্ট নিতে হবে।
- সকাল ৯:৩০ থেকে দুপুর ১২:৩০ এবং দুপুর ২:৩০ থেকে ৪:৩০ এর মধ্যে নিম্নের কাগজপত্রগুলি নিয়ে উপরের তালিকা অনুযায়ী নির্দিষ্ট দপ্তরে উপস্থিত হয়ে কাগজপত্র যাচাই প্রক্রিয়া সম্পন্ন করতে হবে:
 - পূরণকৃত ভর্তি ফরমের তিন কপি প্রিন্ট - স্বাক্ষরিত [দুই কপি জমা দিতে হবে]
 - এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান এর মূল মার্কস সার্টিফিকেট [জমা দিতে হবে]
 - ভর্তি পরীক্ষার প্রবেশপত্র [জমা দিতে হবে]
 - এইচ.এস.সি. পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড [দেখাতে হবে]
 - অনুষদ ফি প্রদানের প্রমাণ হিসেবে প্রিন্টআউট একটি কপি [জমা দিতে হবে]
- কাগজপত্র সন্তোষজনক হলে উপরের তালিকা অনুযায়ী কাগজপত্র জমা দিলে ভর্তি প্রক্রিয়া শেষ হবে।

প্রকাশিত ফলাফলে কোনো ভুলত্রুটি গোচরীভূত হলে তা সংশোধন করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় / সি ইউনিট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(প্রফেসর ড. নাসিমা আখতার)

চীফ কো-অর্ডিনেটর

১ম বর্ষ ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ সি-ইউনিট ভর্তি পরীক্ষা কমিটি

ও ডীন, বিজ্ঞান অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়

০৯ সেপ্টেম্বর ২০২৪

ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্ট হতে রাজশাহী বিশ্ববিদ্যালয়
সি-ইউনিটের অনুষদ উন্নয়ন ফি পরিশোধের পদ্ধতি

Rocket App-এর মাধ্যমে

১. রকেট App-এ Login করুন।
২. Bill Pay অপশনে প্রবেশ করুন।
৩. সার্চ অপশনে বিলার আইডি **4388** বা **Dean, Faculty of Science (RU)** টাইপ করুন।
৪. বিল নম্বরের স্থলে অবশ্যই ভর্তি/ভর্তি পরীক্ষার রোল নম্বর বসাতে হবে।
৫. টাকার পরিমাণ (**1000**) টাইপ করে Submit ট্যাপ করুন।
৬. আপনার রকেট নম্বরের গোপন পিন নম্বর টাইপ করুন।

বিশেষ দৃষ্টব্য

- পরিশোধের অংকের ওপর ১% চার্জ প্রযোজ্য হবে।
- রাজশাহী বিশ্ববিদ্যালয় সি-ইউনিটের অনুষদ উন্নয়ন ফি পরিশোধের প্রিন্ট কপি অনুষদ অফিসে জমা দিতে হবে।